

# 🔳 আল-কাহফ | Al-Kahf | ٱلْكَهْف

আয়াতঃ ১৮: ৯৩

### **া** আরবি মূল আয়াত:

# حَتّٰى إِذَا بَلَغَ بَينَ السَّدَّينِ وَجَدَ مِن دُونِهِمَا قَومًا لَّا يَكَادُونَ يَفْقَهُونَ قَولًا ﴿٩٣﴾

#### 

অবশেষে যখন সে দুই পর্বতের মধ্যবর্তী স্থানে পৌঁছল, তখন সেখানে সে এমন এক জাতিকে পেল, যারা তার কথা তেমন একটা বুঝতে পারছিল না। — আল-বায়ান

চলতে চলতে সে দু' পাহাড়ের মাঝে এসে পৌঁছল। সেখানে সে এক সম্প্রদায়কে দেখতে পেল। যারা কথাবার্তা কমই বুঝতে পারে। — তাইসিরুল

চলতে চলতে সে যখন পর্বত প্রাচীরের মধ্যবর্তী স্থানে পৌঁছল তখন সেখানে সে এক সম্প্রদায়কে পেল যারা তার কথা মোটেই বুঝতে পারছিলনা। — মুজিবুর রহমান

Until, when he reached [a pass] between two mountains, he found beside them a people who could hardly understand [his] speech. — Sahih International

৯৩. চলতে চলতে সে যখন দুই পর্বত প্রাচীরের মধ্যবর্তী স্থলে(১) পৌছল, তখন সেখানে সে এক সম্প্রদায়কে পেল, যারা তার কথা তেমন বুঝতে পারছিল না।

(১) যে বস্তু কোন কিছুর জন্য বাধা হয়ে যায়, سد তাকে বলা হয়; তা প্রাচীর হোক কিংবা পাহাড় হোক, কৃত্রিম হোক কিংবা প্রাকৃতিক হোক। এখানে سدین বলে দুই পাহাড় বোঝানো হয়েছে। এগুলো ইয়াজুজ-মাজুজের পথে বাধা ছিল। কিন্তু উভয়ের মধ্যবর্তী গিরিপথ দিয়ে এসে তারা আক্রমণ চালাত। [উসাইমীন, তাফসীরুল কুরআনিল কারীম যুলকারনাইন এই গিরিপথটি বন্ধ করে দেন।

তাফসীরে জাকারিয়া

- (৯৩) চলতে চলতে সে যখন দুই পর্বত-প্রাচীরের[1] মধ্যবর্তী স্থলে পৌঁছল, তখন সেখানে সে এক সম্প্রদায়কে পেল, যারা তার কথা প্রায় বুঝতেই পারছিল না। [2]
  - [1] এর অর্থ এমন দু'টি পাহাড়, যা এক অপরের পাশাপাশি যার মাঝে ছিল রাস্তা। সে রাস্তা দিয়ে য়্যা'জূজ-মা'জূজরা বসতি এলাকায় এসে হত্যা ও লুঠতরাজ চালাত।



## [2] অর্থাৎ নিজেদের ভাষা ছাড়া অন্যের ভাষা তারা বুঝত না।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2233

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন